**প্রশিক্ষণার্থীদের করা প্রশ্ন ও তার সম্ভাব্য উত্তরঃ**
**বাগেরহাট**

**১) সাইবার অপরাধের ক্ষেত্রে কোথায় অভিযোগ বা মামলা দায়ের করতে হবে?**
**উত্তরঃ** সংশ্লিষ্ট থানায় এফ আই আর দায়ের করতে হবে। এছাড়া সাইবার ট্রাইবুনালেও পিটিশন মামলা দায়ের করা যাবে।

**প্রশ্ন ২) যদি কারো ছবি ব্যবহার করে ফেইক অ্যাকাউন্ট খুলে তাহলে করণীয় কী?**

**উত্তরঃ** ফেসবুক আপনার নাম বা ছবি ব্যবহার করে কেউ ফেইক আইডি খুলেলে আপনি ফেসবুক-এ রিপোর্ট করার মাধ্যমে তা বন্ধ করতে পারেন। এক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতিতে রিপোর্ট করবেন -
১) প্রথমে যে আইডিতে রিপোর্ট করতে চান তার প্রোফাইলে যেতে হবে। এবার উপর থেকে more অপশনে ক্লিক করতে হবে।
২) এবার Find support or report profile ক্লিক করলে নিম্নোক্ত অপশন গুলো পাওয়া যাবে
**ক) Pretending to be someone**: যদি কেউ আপনার নামে ফেক আইডি খুলে তাহলে pretending to be someone ক্লিক করে নিচে থেকে me সিলেক্ট করতে হবে।
**খ) Fake account:** আপনার নাম ব্যবহার করে কোন আইডিকে যদি ভুয়া হিসেবে চিহ্নিত করতে পারেন তবে উক্ত আইডিতে Fake account অপশনে গিয়ে রিপোর্ট করতে পারবেন।
**গ) Fake name:** যদি কেউ আপনার নাম বা ছবি ব্যবহার করে আইডি তৈরি করে কিংবা কোন অশ্লীল নামে আইডি তৈরি করে আপনাকে ফ্রেন্ড রিকুয়েস্ট পাঠায় তখন তাকে Fake name অপশনে গিয়ে রিপোর্ট করতে পরবেন।

**আইনগত প্রতিকারঃ** ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৪ ধারা অনুযায়ী পরিচয় প্রতারণা বা ছদ্মবেশ ধারন একটি আমলযোগ্য অপরাধ। সুতরাং ডিজিটাল নিরাপত্তা আইনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে। যদি কোনো ব্যক্তি ২৪ ধারা এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫(পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। উল্লিখিত অপরাধ দ্বিতীয়বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৭ (সাত) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

**প্রশ্ন ৩) ব্যক্তিগত বা পারিবারিক পর্যায়ে কোন ধরনের ছবি ফেসবুক আপলোড করা উচিৎ?**

**উত্তরঃ** অনেকেই ফেসবুকের প্রোফাইল ছবি হিসেবে নিজের ব্যক্তিগত বা পারিবারিক ছবি পছন্দ করেন। পরিবারের সবাইকে নিয়ে তোলা ছবি বা কোনো নিকটাত্মীয়ের ছবি ফেসবুকের প্রোফাইল ছবি বানান। অনেককে আবার নিজের সন্তানের ছবিটাও প্রোফাইল ছবি বানাতে দেখা যায়। কেউ কেউ আবার ব্যক্তিগত বা পারিবারিক ছবি আপলোড দিয়ে থাকেন।

তবে, ফেসবুকের মতো সামাজিক যোগাযোগের ওয়েববসাইটে ভালো ছবি পোস্ট করা প্রয়োজন। কারণ, এ ছবিই ব্যক্তিত্ব প্রকাশ করে ও অনলাইনে পরিচিতি হিসেবে ব্যবহৃত হতে পারে।

ফেসবুকে নিজের বা কোন নিকটাত্মীয়ের ছবি আপলোডের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় মেনে চলুনঃ
১। কোন ধরণের অশ্লীল বা বিব্রতকর ছবি পোস্ট করা থেকে বিরত থাকুন,
২। কাউকে হেয় বা খাটো করে কিংবা ব্যক্তিগত অনুভূতিতে আঘাত করে এরূপ ছবি আপলোড করবেন না।

৩। কারো ধর্মীয় অনুভুতিতে আঘাত করে এরূপ ছবি বা পোস্ট করা থেকে বিরত থাকুন।
৪। ব্যক্তিগত বা পারিবারিক ছবি শুধুমাত্র পাবলিক করার আগে সতর্কতা অবলম্বন করুন।
৫। শিশুদের ছবি ফেসবুকে পোস্ট করার আগেও সতর্ক থাকুন।

**প্রশ্ন ৪) বিকাশ, রকেট বা নগদের মতো মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্টে সর্বোচ্চ কত টাকা রাখা নিরাপদ?**

**উত্তরঃ** সঠিক নিয়ম অবলম্বন করে আপনি বিকাশ, রকেট বা নগদের মতো মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্টে সর্বোচ্চ যে পরিমাণ টাকা লেনদেন করা যায় সেই পরিমাণ টাকা লেনদেন করতে পারবেন বা টাকা অ্যাকাউন্টে রেখে দিতে পারবেন।
মোবাইল ব্যাংকিং সেবা, যেমন ব্র্যাক ব্যাংকের বিকাশ, ডাচ বাংলা ব্যাংকের রকেট, ডাক বিভাগের নগদ প্রভৃতি সেবায় প্রতিদিন রেজিস্ট্রেশন করছেন নতুন নতুন গ্রাহক। শুধুমাত্র মোবাইলের সাহায্যে শর্টকোড ডায়াল করে পিন নম্বর দিয়েই টাকা স্থানান্তর করা যায় বলে মোবাইল ব্যাংকিং নিয়ে ঝুঁকিও থাকে অনেক। এছাড়া মোবাইল অ্যাপের মাধ্যমেও লেনদেন করা সম্ভব। মোবাইল ব্যাংকিং সেবায় নিরাপদ থাকার জন্য নিম্নোক্ত বিষয় খেয়াল রাখতে হবেঃ
১. পিন নম্বর গোপন রাখুন।
২. ভুয়া 'কাস্টমার কেয়ার' থেকে সাবধান থাকুন।
৩. সঠিকভাবে নিবন্ধিত সিমে মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলুন।
৪. লটারি, পুরষ্কার, জ্বীনের বাদশা থেকে সাবধান!
৫. নকল মেসেজ ও ভুয়া কলের ব্যাপারে সাবধান!
৬. কোনো নম্বরে টাকা পাঠানোর আগে ফোন করে নিশ্চিত হোন।
৭. নিজ নিজ একাউন্টে লেনদেন করুন।
৮. মেসেজের জন্য জায়গা রাখুন।
৯. ব্যাল্যান্সের হিসেব রাখুন।
১০.মোবাইল ফোন হারিয়ে গেলে যত দ্রুত সম্ভব মোবাইল ব্যাংকিং হেল্পলাইনে কল করে আপনার মোবাইল ব্যাংকিং একাউন্টের সুরক্ষা নিশ্চিত করুন। বাড়তি নিরাপত্তার জন্য সম্ভব হলে সিম কার্ডের পিন কোড সিকিউরিটি অন করুন যাতে ফোন চালু করলে সিমের পিন দরকার হয়।

**প্রশ্ন ৫) পর্নোগ্রাফি বলতে কী বুঝায়?**

**উত্তরঃ** পর্নোগ্রাফি (ইংরেজি: Pornography) যৌন উদ্দীপনা সৃষ্টির উদ্দেশ্যে যৌনসংক্রান্ত বিষয়বস্তুর প্রতিকৃতি অঙ্কন বা পুঙ্খানুপুঙ্খ বর্ণনা। পর্নোগ্রাফি শব্দটি গ্রিক শব্দ "পরনোগ্রাফিয়া" থেকে নেওয়া হয়েছে। পর্নোগ্রাফি বিভিন্ন মাধ্যমের সাহায্যে উপস্থাপন করা হতে পারে যেমন- বই, সাময়িকী, পোস্টকার্ড, আলোকচিত্র, ভাস্কর্য, অঙ্কন, পেইন্টিং, অ্যানিমেশন, সাউন্ড রেকর্ডিং, চলচ্চিত্র, ভিডিও এবং ভিডিও গেম।

পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন ২০১২ এর ধারা ২(গ) অনুযায়ী ''পর্নোগ্রাফি" অর্থ হচ্ছে যৌন উত্তেজনা সৃষ্টিকারী কোন অশ্লীল সংলাপ, অভিনয়, অঙ্গভঙ্গি, নগ্ন বা অর্ধনগ্ন নৃত্য যাহা চলচ্চিত্র, ভিডিও চিত্র, অডিও ভিজ্যুয়াল চিত্র, স্থির চিত্র, গ্রাফিকস বা অন্য কোন উপায়ে ধারণকৃত ও প্রদর্শনযোগ্য এবং যাহার কোন শৈল্পিক বা শিক্ষাগত মূল্য নেই।

**প্রশ্ন ৬) ব্রাউজারে বিরক্তিকর বিজ্ঞাপন কিভাবে রোধ করা যায়?**

**উত্তরঃ** অনেক সময় দেখা যায় ব্রাউজার ওপেন করলেই বিজ্ঞাপন এবং পপআপে ভর্তি হয়ে থাকে স্ক্রিন। এসব বিরক্তিকর বিজ্ঞাপন মাঝে মাঝে আমাদের গুরুত্বপূর্ণ কাজে বাধা সৃষ্টি করে। এখানে গুগলক্রোমে কি করে এসব বিরক্তিকর বিজ্ঞাপন এবং পপআপ ব্লক করবেন তা বর্ণনা করা হলঃ

১) প্রথমেই গুগলক্রোম ব্রাউজার ওপেন করে উপরে একেবারে ডানে কোনায় কাস্টোমাইজ এবং কন্ট্রোল বাটনে ক্লিক করে করে Settings এ ক্লিক করুন।

২) এখন Extensions সিলেক্ট করে নিচে Get more extensions এ ক্লিক করুন।

৩) এখন সার্চ বক্সে adblock plus লিখে সার্চ করুন এবং adblock গুগলক্রোমে অ্যাড করুন।

৪) অনুরূপভাবে adblock plus pop up লিখে সার্চ করে poper blocker গুগলক্রোমে অ্যাড করুন।

৫) এখন আপনার Extensions এ পুনরায় গেলে এই দুটি অ্যাডব্লকার অপশন খুঁজে পাবেন। এখন দেখবেন আপনার ক্রোম ব্রাউজারে আর বিরক্তিকর ও অবাঞ্ছিত বিজ্ঞাপন এবং পপআপ দেখাচ্ছেনা।